# এসএসএস বুলেটিন

একটি ত্রৈমাসিক

বর্ষ • ১৮ সংখ্যা • ৩ জানুয়ারি-মার্চ • ২০২৩

# এমআরএ-এর ইভিসি মহোদয়ের এসএসএস-এর উন্নয়ন কর্মকাণ্ড পরিদর্শন











## চিকিৎসা ক্যাম্প আয়োজন...




*চিকিৎসা ক্যাম্পে চিকিৎসক এক রোগীর চক্ষু পরীক্ষা করছেন*

এসএসএস কর্তৃক বাস্তবায়িত প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির উদ্যোগে বেগুনটাল শাখার অধীনে হুগড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে চক্ষু চিকিৎসা ক্যাম্পের আয়োজন করা হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সহযোগিতায় পরিচালিত ক্যাম্পে ২৯ জানুয়ারি ২০২৩ (রবিবার) দিনব্যাপী ১০২ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়। এছাড়াও সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে দুদিনব্যাপী বিনামূল্যে চর্ম ও যৌন চিকিৎসা ক্যাম্পের আয়োজন করা হয়। ১৪ মার্চ ২০২৩ (মঙ্গলবার) দাইন্যা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এবং ১৫ মার্চ ২০২৩ (বুধবার) দাইন্যা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত দুটি ক্যাম্পে মোট ২০২ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

ক্যাম্পসমূহে বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ, ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ, সমৃদ্ধি, নেম ও প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির কর্মীবৃন্দ এবং এসএসএস-এর বিভিন্ন বিভাগের কমকর্তা ও কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

সম্পাদক
**আব্দুল হামিদ ভুইয়া**

প্রকাশনায়
**এসএসএস**
এসএসএস ভবন, ময়মনসিংহ রোড, টাঙ্গাইল
ফোন: ০২৯৯৭৭-৫২৬৩০, ৫২৬৩১
ই-মেইল: ssstgl@btcl.net.bd
Website: www.sss-bangladesh.org

কপিরাইট © এসএসএস
বর্ণমালা প্রেস, ঢাকা থেকে মুদ্রিত।

স ম্পা দ কী য়

## আর্থসামাজিক উন্নয়নে সরকার ও উন্নয়ন সংস্থাসমূহের সহ-অবস্থান

স্বাধীনতা উত্তর যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে কাজ শুরু হয়। সরকারি ও বেসরকারি-পর্যায়ে চলে জোর প্রচেষ্টা। বিশেষ করে, দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীকে সচেতন করা-সহ অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করতে বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ (ক্ষুদ্রঋণ সংস্থা) নিরলসভাবে কাজ করে যায়। এ-জাতীয় সংস্থাসমূহ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ গঠনে বিভিন্নমুখী উন্নয়ন কর্মকাণ্ড--জামানতবিহীন ঋণ প্রদানসহ কারিগরি পরিষেবা, প্রশিক্ষণ, কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ উন্নয়ন, পুষ্টি ও স্বাস্থ্যসেবা, শিক্ষা সম্প্রসারণ, উদ্যোক্তার উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, দুর্যোগ ব্যবস্থাপনা, ত্রাণ ও পুনর্বাসন ইত্যাদি কর্মকাণ্ড বাস্তবায়ন করে যাচ্ছে। ফলে, সাধারণ ও মেহনতি মানুষের স্বার্থ সংরক্ষণ ও ভাগ্য উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে।

> *ক্ষুদ্রঋণ সেক্টরে বছরে লেনদেন হয় প্রায় ২ লাখ ২৫ হাজার কোটি টাকা। এ পরিমাণ টাকা আমাদের জাতীয় বাজেটের প্রায় এক তৃতীয়াংশ। অন্যদিকে এ খাতে ৩ কোটি ৫০ লাখ প্রান্তিক জনগোষ্ঠী জড়িত রয়েছে। তাদের বার্ষিক সঞ্চয়ের পরিমাণ প্রায় ৬০-৭০ হাজার কোটি টাকা।*

বর্তমানে ক্ষুদ্রঋণ আমাদের অর্থনীতির অন্যতম একটি বৃহত্তর সেক্টর। এ সেক্টরে দৈনিক ৯ শত থেকে ১ হাজার কোটি টাকা লেনদেন হয়। বছরে লেনদেন হয় প্রায় ২ লাখ ২৫ হাজার কোটি টাকা। এ পরিমাণ টাকা আমাদের জাতীয় বাজেটের প্রায় এক তৃতীয়াংশ। অন্যদিকে এ খাতে ৩ কোটি ৫০ লাখ প্রান্তিক জনগোষ্ঠী জড়িত রয়েছে। তাদের বার্ষিক সঞ্চয়ের পরিমাণ প্রায় ৬০-৭০ হাজার কোটি টাকা। সদস্যদের মধ্যে ৯১ শতাংশ নারী [তথ্যসূত্র: এমআরএ]। এই খাতের আর্থিক ও কারিগরি সহায়তায় হাজার হাজার আত্ম-কর্মসংস্থান ও মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। দেশের সম্পদ ও সুযোগের যথার্থ ব্যবহারের পথ সৃষ্টি হচ্ছে। বেকারত্ব হ্রাস, সম্পদ বৃদ্ধি ও জীবনমান উন্নত হচ্ছে। সমাজে সাধারণ ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর ক্ষমতায়ন প্রতিষ্ঠা পাচ্ছে।

প্রান্তিক স্তরের জনগোষ্ঠীর উন্নয়ন ও মানবতার কাণ্ডারী ক্ষুদ্রঋণ সংস্থাসমূহের উন্নয়নে জাতীয় ও আন্তর্জাতিক-পর্যায়ে প্রয়োজনীয় সহযোগিতা একান্তভাবে কাম্য। বিশেষ করে--দক্ষ কর্মী তৈরি, স্বল্প মূল্যে তহবিল সরবরাহ এবং ক্ষুদ্রঋণ সহায়ক নীতিমালার সংস্কার অতীব প্রয়োজন।

# এমআরএ-এর ইভিসি মহোদয়ের এসএসএস পরিদর্শন...

## টাঙ্গাইল জেলায় কার্যরত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা ও বঙ্গবন্ধু উচ্চ শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ



*এসএসএস-এর নির্বাহী পরিচালক জনাব আব্দুল হামিদ ভূইয়া এমআরএ-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান মহোদয়কে ফুলের তোড়া দিয়ে অভ্যর্থনা জানাচ্ছেন*

৫ মার্চ ২০২৩ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর মাননীয় এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ্ (গ্রেড-১) এসএসএস পরিদর্শনে আসেন। জনাব মোঃ ফসিউল্লাহ্র নেতৃত্বে এমআরএ-এর পরিচালক জনাব মুহাম্মদ মাজেদুল হক, পরিচালক জনাব মোঃ নূরে আলম মেহেদী, উপপরিচালক জনাব জিনাত আমান বন্যাসহ আরও বেশকিছু কর্মকর্তার সমন্বয়ে একটি প্রতিনিধিদল সকাল ৯:০০টায় এসএসএস-এর ফাউন্ডেশন অফিস (টাঙ্গাইল)-এ পৌঁছে। এসএসএস-এর পক্ষ থেকে প্রতিনিধিদলকে লাল গালিচা অভ্যর্থনা জানানো হয়। এমআরএ-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান মহোদয়কে ফুলের তোড়া দিয়ে গ্রহণ করেন এসএসএস-এর নির্বাহী পরিচালক জনাব আব্দুল হামিদ ভূইয়া।




*এমআরএ-এর প্রতিনিধিদের সাথে সংস্থার জ্যেষ্ঠ কর্মকর্তাদের মতবিনিময় সভার একাংশ*

এসময় উপস্থিত ছিলেন, এসএসএস-এর পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) জনাব মাহবুবুল হক ভূইয়া, পরিচালক (প্রশিক্ষণ) জনাব সাধন চন্দ্র গুণ, পরিচালক (ঋণ) জনাব সন্তোষ চন্দ্র পাল, উপপরিচালক (নিরীক্ষা) জনাব মো. আমিনুল ইসলাম খান, উপপরিচালক (অর্থ ও হিসাব) জনাব দীপ্তিময় বড়ুয়াসহ জ্যেষ্ঠ কর্মকর্তা ও কর্মীবৃন্দ।

অথরিটি হতে আগত প্রতিনিধিদল সকাল ৯:১৫টায় সংস্থার নির্বাহী পরিচালকের অফিস কক্ষে এক সৌজন্য আলোচনা সভায় মিলিত হয়। এরপর প্রতিনিধিদল সংস্থার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন করেন। বিশেষ করে সম্মানিত পরিদর্শকগণ এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুল, পলিটেকনিক ইনস্টিটিউট, ভোকেশন্যাল ট্রেনিং ইনস্টিটিউট, এসএসএস হাসপাতাল ও সমন্বিত জৈব কৃষি খামার (এলেঙ্গা) পরিদর্শন করেন। সন্ধ্যা ৭:৩০ টায় প্রতিনিধিদল এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোম পরিদর্শন করেন এবং হোমের শিশু-কিশোরদের পরিবেশনায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সম্মানিত অতিথিবৃন্দ সাংস্কৃতিক অনুষ্ঠানটি অত্যন্ত আনন্দের সাথে উপভোগ করেন। এরপর রাত ৯:০০টায় অথরিটির প্রতিনিধিদল সংস্থার জ্যেষ্ঠ কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করে। সভায় তিনি এসএসএস-এর আর্থিক অন্তর্ভুক্তিমূলক পরিষেবার পাশাপাশি চলমান সামাজিক উন্নয়ন ও কল্যাণ-বর্ধক বিভিন্ন কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসাসহ সন্তোষ প্রকাশ করেন।

৬ মার্চ ২০২৩ টাঙ্গাইল জেলায় কার্যরত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা হয়। এমআরএ-এর আয়োজনে উক্ত মতবিনিময় সভা এসএসএস-এর ফাউন্ডেশন অফিস (টাঙ্গাইল)-এর অডিটরিয়াম কক্ষে সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ্। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টাঙ্গাইলের জেলা প্রশাসক জনাব জসীম উদ্দীন হায়দার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টাঙ্গাইল জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জনাব মুহাম্মদ সরোয়ার হোসেন, টাঙ্গাইলের অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) জনাব নাফিসা আক্তার, এসএসএস-এর কার্যনির্বাহী পর্ষদের সভাপতি জনাব মুর্শেদ আলম সরকার এবং এসএসএস-এর নির্বাহী পরিচালক জনাব মোঃ আব্দুল হামিদ ভূইয়া। এমআরএ-এর উপপরিচালক জনাব জিনাত আমান বন্যার সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে টাঙ্গাইল জেলা প্রশাসন ও পুলিশের কর্মকর্তাবৃন্দ, এমআরএ-এর জ্যেষ্ঠ কর্মকর্তাবৃন্দ, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ, এসএসএস-এর জ্যেষ্ঠ কর্মকর্তাগণ এবং প্রিন্টিং ও ডিজিটাল মিডিয়ার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।




*টাঙ্গাইল জেলায় কার্যরত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাদের সঙ্গে এমআরএ-এর মতবিনিময় সভায় বক্তব্য দিচ্ছেন এমআরএ-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ্ (গ্রেড-১)*

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এমআরএ-এর পরিচালক জনাব মুহাম্মদ মাজেদুল হক ও ক্ষুদ্রঋণ সেক্টরের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন এমআরএ-এর পরিচালক জনাব মোঃ নূরে আলম মেহেদী। এছাড়াও টাঙ্গাইল জেলার ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানের সভাপতি মহোদয় জনাব মোঃ ফসিউল্লাহ্ বলেন--বাংলাদেশের ক্ষুদ্রঋণ বা ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম সারা বিশ্বে অন্যতম বৃহত্তম আর্থিক খাত হিসেবে সুপরিচিত। ক্ষুধা-দারিদ্র্য মুক্ত সমৃদ্ধি দেশ বিনির্মাণে সরকারের পাশাপাশি বেসরকারি উন্নয়ন (ক্ষুদ্রঋণ) সংস্থাসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। সম্মানিত প্রধান অতিথি জনাব জসীম উদ্দীন হায়দার, জেলা প্রশাসক, টাঙ্গাইল বলেন- উন্নয়ন সংস্থাসমূহ দেশ ও জাতির




*এসএসএস-এর শিক্ষাবৃত্তি কর্মসূচির অধীনে বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানের একাংশ*

কল্যাণে বহুবিধ উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন করে যাচ্ছে। দেশের সাধারণ জনগণ এবিষয়ে অনেক কিছু জানেন না। আমাদের সবার উচিত, এসকল সংস্থার উন্নয়ন ও জনবান্ধব সকল কর্মকাণ্ডের প্রকৃত তথ্য জনসম্মুখে তুলে ধরা।

উল্লেখ্য, টাঙ্গাইল জেলায় কার্যরত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে অবহিত এবং ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভা দুপুর ১:৩০টায় সমাপ্ত হয়।

এরপর বিকাল ৩:০০টায় এসএসএস-এর শিক্ষাবৃত্তি কর্মসূচির অধীনে বঙ্গবন্ধু উচ্চ শিক্ষা বৃত্তি ও সাধারণ বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসএসএস-এর নির্বাহী পর্ষদের সভাপতি জনাব মুর্শেদ আলম সরকারের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির আসন গ্রহণ করেন এমআরএ-এর মাননীয় এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ্ (গ্রেড-১)। বিশেষ অতিথি হিসেবে মঞ্চে উপবিষ্ট ছিলেন এসএসএস-এর নির্বাহী পরিচালক জনাব মোঃ আব্দুল হামিদ ভূইয়া, নির্বাহী পর্ষদের সদস্য জনাব কাজী জাকেরুল মওলা, পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) জনাব মাহবুবুল হক ভূইয়া, পরিচালক (ঋণ) জনাব সন্তোষ চন্দ্র পাল। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সংস্থার বিভিন্ন বিভাগ ও সেকশন প্রধানগণ, জ্যেষ্ঠ কর্মকর্তা ও কর্মী এবং বৃত্তি গ্রহণকারী শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণ। উক্ত বৃত্তি প্রদান অনুষ্ঠানে ২৩ জন ছাত্রছাত্রীকে বঙ্গবন্ধু উচ্চ শিক্ষা বৃত্তি এবং ৩৬ জনকে সাধারণ বৃত্তি প্রদান করা হয়। মোট ৫৯ জন ছাত্রছাত্রীর মাঝে ৬.৯৯ লক্ষ টাকা বৃত্তি প্রদান করা হয়।

বিকাল ৫:৪৫টায় দুই দিনের এই পরিদর্শন শেষে এমআরএ-এর প্রতিনিধিদল সংস্থার ফাউন্ডেশন অফিস হতে ঢাকার উদ্দেশে রওনা হয়।

# শীতার্তদের আর্থিক অনুদান প্রদান

সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)-এর উদ্যোগে অসহায় ও সুবিধাবঞ্চিত জনগণকে শীতবস্ত্র ক্রয়ের উদ্দেশ্যে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। সংস্থার ০৭টি যোনের অন্তর্গত ৫৫টি শাখায় ৫২,০৬৯ জন সদস্য, মাঠ পর্যায়ে কর্মরত ৫,৬৭৩ জন কর্মী এবং বিভিন্ন জেলা প্রশাসন ও অন্যান্য মাধ্যমে ১,৩৫০ জনের মাঝে জনপ্রতি ১,০০০ টাকা করে মোট ৫,৯০,৯২,০০০ (পাঁচ কোটি নব্বই লক্ষ বিরানব্বই হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়।



*একজন সদস্য অনুদানের নগদ অর্থ গ্রহণ করছেন*

সম্প্রতি তীব্র শৈত্য প্রবাহের কারণে দেশের বিভিন্ন স্থানে, বিশেষ করে উত্তর-পশ্চিমাঞ্চলের দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষ চরম দুর্দশা ও কষ্টের সম্মুখীন হয়। বিষয়টি বিবেচনায় নিয়ে এ সকল অঞ্চলের মানুষের পাশে দাঁড়াতে এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যে সংস্থার নির্বাহী পরিচালক জনাব আব্দুল হামিদ ভূইয়া উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশনা দেন। উক্ত নির্দেশনা মোতাবেক বিভিন্ন সভায় আলোচনা-পর্যালোচনাপূর্বক দেশের অতি শীত-জর্জরিত কয়েকটি অঞ্চল, যেমন: বগুড়া, নাটোর, রংপুর, যশোর, জামালপুর, ময়মনসিংহ ও ফরিদপুরের ৫৫টি শাখাকে নির্বাচন করা হয় এবং উক্ত শাখাসমূহের অধীনে অসহায় শীতার্ত সদস্যদের শীতবস্ত্র ক্রয়ের লক্ষ্যে জনপ্রতি ১,০০০ টাকা করে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।



*এমআরএ-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মো. ফসিউল্লাহ্ ভার্চুয়াল সভার মাধ্যমে শীতার্তদের আর্থিক অনুদান প্রদান কার্যক্রম উদ্বোধন করেন*

এ উপলক্ষে ১৫ জানুয়ারি ২০২৩ (রবিবার) সকাল ১১টায় শীতার্তদের আর্থিক অনুদান প্রদান কার্যক্রমের এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসএসএস-এর কার্যনির্বাহী পর্ষদের সম্মানিত সভাপতি জনাব মুর্শেদ আলম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি (জুম সফ্টওয়্যারের মাধ্যমে) যুক্ত থেকে আর্থিক অনুদান প্রদান কার্যক্রম উদ্বোধন করেন এমআরএ-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মো. ফসিউল্লাহ্। এসময় ভিডিও কনফারেন্সে যুক্ত ছিলেন এসএসএস-এর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক ও পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) জনাব মাহবুবুল হক ভূইয়া, পরিচালক (ঋণ) জনাব সন্তোষ চন্দ্র পাল, এসএসএস-এর উর্ধ্বতন কর্মকর্তাগণ, সকল যোন মনিটরিং কর্মকর্তা, নির্বাচিত অঞ্চলের যোনাল, এরিয়া ও ব্রাঞ্চ ম্যানেজারগণ এবং অনুদান গ্রহণকারী সদস্যগণ।

শীতার্তদের মাঝে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে কেন্দ্রীয় পর্যায়ে আট সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। এরমধ্যে সাতজন কর্মকর্তা অনুদান প্রদানের জন্য নির্বাচিত প্রত্যেক যোনে একজন করে কেন্দ্রীয় সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন। উক্ত সমন্বয়কারীগণ ত্রাণ বিতরণ কার্যক্রম তদারকি ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের পাশাপাশি বিভিন্ন শাখায় সশরীরে উপস্থিত থেকে শীতার্তদের মাঝে ত্রাণ বিতরণ করেন। পরিচালক (ঋণ) জনাব সন্তোষ চন্দ্র পাল কমিটির সার্বিক আহ্বায়কের দায়িত্ব পালন করেন।

উল্লেখ্য, এসএসএস দুর্যোগ ব্যবস্থাপনা, ত্রাণ ও পুনর্বাসন কর্মসূচির অধীনে প্রতি বছর বন্যা, তীব্র শীত, ঘূর্ণিঝড়, খরাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে জর্জরিত ও ক্ষতিগ্রস্ত সদস্যদের আর্থিক সহায়তাসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করে থাকে। এ-সকল জনকল্যাণ ও উন্নয়নবান্ধব কর্মকাণ্ড তৃণমূল পর্যায়ের সুবিধাবঞ্চিত জনগণকে আয়বর্ধনমূলক কার্যক্রমে সক্রিয় রাখার পাশাপাশি তাদেরকে দারিদ্রের দুষ্টচক্র হতে মুক্তি পেতে সহায়তা করে।

# ইফাদ ও পিকেএসএফ প্রতিনিধিদের এসএসএস পরিদর্শন

ইফাদ (ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর একটি প্রতিনিধি দল ইফাদ সুপারভিশন মিশনের অংশ হিসেবে ১৪ মার্চ ২০২৩ (মঙ্গলবার) এসএসএস-এর বিভিন্ন কর্মকাণ্ড ও কর্মসূচি পরিদর্শন করে। উল্লেখ্য, উক্ত প্রতিনিধি দলটি এসএসএস কর্তৃক বাস্তবায়িত পেস কর্মসূচির অ্যাডিশনাল ফিন্যান্স-এর আওতায় "কাদারনাথ মুরগি পালন, পাস্তুরাইজড ডিম ও নিরাপদ মাংসের বাজার উন্নয়ন" শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের কর্মকাণ্ড বাস্তবায়ন পর্যালোচনার উদ্দেশ্যে দিনব্যাপী পরিদর্শন করে।

প্রতিনিধি দলের সদস্যগণ হলেন: জনাব দেওয়ান আলমগীর, মিশন লিডার (ইফাদ); জনাব নাবিল রহমান, কান্ট্রি প্রোগ্রাম অ্যানালিস্ট (ইফাদ); জনাব ফারিয়া তাসিন, মার্কেট লিঙ্কেজ স্পেশালিস্ট (ইফাদ); জনাব মো. হাবিবুর রহমান, সহকারী মহা-ব্যবস্থাপক এবং প্রকল্প সমন্বয়কারী (পেস,



*প্রতিনিধি দলের মাঠ-পর্যায়ে একটি কাদারনাথ মুরগির খামার পরিদর্শন*

পিকেএসএফ); জনাব মো. কামরুল ইসলাম, ভ্যালু চেইন স্পেশালিস্ট (পেস, পিকেএসএফ); জনাব সুমন কুমার সাহা, ভ্যালু চেইন প্রোজেক্ট ম্যানেজার (পেস, পিকেএসএফ); জনাব মো. মাসুম সরকার, ভ্যালু চেইন প্রোজেক্ট ম্যানেজার (পেস, পিকেএসএফ); জনাব সঞ্চিতা ইসলাম, ভ্যালু চেইন প্রোজেক্ট ম্যানেজার (পেস, পিকেএসএফ) এবং জনাব লিপি আক্তার, জেন্ডার অ্যান্ড সোস্যাল ইনক্লুশন অফিসার (আরএমটিপি, পিকেএসএফ)।



*ইফাদ ও পিকেএসএফ-এর প্রতিনিধিদলের সাথে এসএসএস-এর নির্বাহী পরিচালকের আলোচনা সভা*

উল্লেখ্য, প্রতিনিধি দলের সদস্যগণ ১৪ মার্চ সকাল ৯.০০টায় টাঙ্গাইলের ভূয়াপুর উপজেলায় বাস্তবায়িত পেস কর্মসূচির অধীনে কাদারনাথ মুরগির হ্যাচারি ও ব্রিডার খামার পরিদর্শন করেন। পাশাপাশি বাণিজ্যিক ও পারিবারিকভাবে কাদারনাথ মুরগি পালন এবং কয়েকটি দেশি মুরগির বাণিজ্যিক খামারও পরিদর্শন করেন। এছাড়া ভূয়াপুর উপজেলার বামনহাটা গ্রামে একজন সদস্যের কাদারনাথ মুরগির খাদ্য হিসেবে ব্যবহৃত পোকা-মাকড়ের প্রদর্শনী খামার পরিদর্শন করেন। অন্যদিকে, একইদিন দুপুর ১২টায় পরিদর্শকগণ ভূয়াপুর বাজারে অবস্থিত একজন উদ্যোক্তার পোল্ট্রি কালেকশন সেন্টার পরিদর্শন করেন।

বিকাল ০৩টায় প্রতিনিধিগণ এসএসএস-এর নির্বাহী পরিচালক মহোদয়ের সাথে তাঁর কক্ষে এক সৌজন্য সভায় অংশ নেন। সভায় এসএসএস-এর বিভিন্ন কর্মকাণ্ডের পরিচিতি ও বর্তমান অবস্থা সম্পর্কে তাদের ধারনা দেয়া হয়। এসময় অতিথিবৃন্দ পেস প্রকল্পের অগ্রগতি এবং কাদারনাথ ও দেশি মুরগির মার্কেটিংয়ের বিষয়ে আলোচনা করেন।

বিকাল ০৪টায় প্রতিনিধিদলের সদস্যগণ টাঙ্গাইল সদর উপজেলার দাইন্যা ইউনিয়নের বাসাখানপুর গ্রামে একজন নারী ক্ষুদ্র উদ্যোক্তার (রুবি বেগম) মিনি গার্মেন্টস কারখানা পরিদর্শন করেন।

প্রতিনিধি দলের সদস্যগণ এসএসএস-এর এ সকল কর্মকাণ্ড পরিদর্শন করে অভিভূত হন এবং নারী ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টিসহ দেশের কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ খাতে এসএসএস-এর ভূমিকা ও অবদানের ভূয়সী প্রশংসা করেন।

পরিদর্শনকালে সার্বক্ষণিকভাবে পরিদর্শকগণের সাথে থেকে তাদের সার্বিক সহযোগিতা প্রদান করেন এসএসএস-এর পরিচালক (ঋণ) জনাব সন্তোষ চন্দ্র পাল, উপ-পরিচালক (ঋণ) জনাব স,ম, ইয়াহিয়া, যোনাল ম্যানেজার (টাঙ্গাইল-১) জনাব মো. নজরুল ইসলাম খান, যোনাল ম্যানেজার (টাঙ্গাইল-২) জনাব মো. মহসীন রেজা, জ্যেষ্ঠ সহকারী কর্মসূচি ব্যবস্থাপক (প্রাণিসম্পদ) ও প্রজেক্ট ম্যানেজার (পেস) ডা. মো. মাসুদুল আলম এবং এসএসএস-এর বিভিন্ন বিভাগ ও কর্মসূচির কর্মকর্তা ও কর্মীবৃন্দ।

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

দেশের সর্বস্তরের মানুষ ২১ ফেব্রুয়ারি ২০২৩ শ্রদ্ধা ও ভালবাসায় স্মরণ করে ১৯৫২-এর ২১ ফেব্রুয়ারি বাংলা ভাষার জন্য জীবন উৎসর্গকারী ভাষা শহীদদের।

২১ ফেব্রুয়ারি সকাল ০৭:১৫ টায় এসএসএস-এর পরিচালক (ঋণ) জনাব সন্তোষ চন্দ্র পালের নেতৃত্বে একটি র‌্যালি বের করা হয়। 'আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি...' এ অমর গানের সুরে সুরে র‌্যালিটি পুরাতন বাসস্ট্যান্ড, ভিক্টোরিয়া রোড ও নিরালা মোড় প্রদক্ষিণ করে টাঙ্গাইলের কেন্দ্রীয় শহীদ মিনারে এসে উপস্থিত হয়। সকাল সাড়ে সাতটায় এসএসএস-এর পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া সংস্থার অঙ্গ-প্রতিষ্ঠান, যোন ও শাখা-পর্যায়ের কর্মকর্তা ও কর্মীগণও স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেন। অন্যদিকে, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ পালন উপলক্ষে গাজীপুরে এসএসএস-এর সমৃদ্ধি কর্মসূচির অধীনে চর্ম ও যৌন রোগের চিকিৎসা ক্যাম্পের আয়োজন করা হয়। দিনব্যাপী আয়োজিত এ-ক্যাম্পে ১৫৫ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়।



*শহীদ মিনারে এসএসএস-এর পুষ্পস্তবক অর্পণ*

# শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান...




*একজন ছাত্র এসএসএস-নাগা শিক্ষাবৃত্তির নগদ অর্থ গ্রহণ করছেন*

এসএসএস-এর শিক্ষাবৃত্তি কার্যক্রমের অধীনে ৯১ জন শিক্ষার্থীকে এসএসএস-নাগা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে। এ উপলক্ষে ১৭ মার্চ ২০২৩ বিকাল ২.৩০ টায় এসএসএস-এর ফাউন্ডেশন অফিস (টাঙ্গাইল) মিলনায়তনে এক বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এসএসএস-এর সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য জনাব কাজী জাকেরুল মওলার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাপানের নাগরিক মি. মাছারু ইয়ামাগুচি। এছাড়া বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে বক্তব্য রাখেন জাপানের বিশিষ্ট লেখক ও সাংবাদিক মি. সাতরু নাগা, জাপানের নাগরিক মিস হিদেকো সুগিসাওয়া এবং এসএসএস-এর নির্বাহী পরিচালক জনাব আব্দুল হামিদ ভূইয়া।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এসএসএস-এর পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) জনাব মাহবুবুল হক ভূইয়া। তিনি শিক্ষার্থীদের বৃত্তির অর্থ যথাযথভাবে কাজে লাগিয়ে সমাজে প্রতিষ্ঠিত হওয়া এবং পাঠ্যপুস্তকের বাইরেও বিভিন্ন সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে নিজেদের দক্ষতার বিকাশ ঘটানোর আহ্বান জানান। পাশাপাশি ছাত্রছাত্রীদের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে অভিভাবকদের আরও দায়িত্বশীল হওয়ার পরামর্শ প্রদান করেন।

নির্বাহী পরিচালক জনাব আব্দুল হামিদ ভূইয়া বৃত্তিপ্রাপ্ত ছেলেমেয়েদেরকে সু-শিক্ষার মাধ্যমে সমাজে প্রতিষ্ঠিত হওয়ার পাশাপাশি সমাজের অন্যান্য সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদেরও শিক্ষিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার আহ্বান জানান।

এছাড়াও উক্ত অনুষ্ঠানে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবকগণ এবং এসএসএস-এর বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে ৯১ জন শিক্ষার্থীর প্রত্যেককে জানুয়ারি-জুন ২০২৩ প্রান্তিকের শিক্ষাবৃত্তি হিসেবে নগদ ৩,০০০ টাকা করে মোট ২,৭৩,০০০ টাকা প্রদান করা হয়।

উল্লেখ্য, এসএসএস ২০০০ সালে আনুষ্ঠানিকভাবে শিক্ষাবৃত্তি কার্যক্রম গ্রহণ করে এবং ২০০৩ সালে মি. সাতরু নাগার সহায়তায় এসএসএস-নাগা শিক্ষাবৃত্তি প্রদান শুরু করে। বর্তমানে সংস্থা চার ধরনের শিক্ষাবৃত্তি প্রদান করে থাকে। এগুলো হচ্ছে: এসএসএস-নাগা শিক্ষাবৃত্তি, নিয়মিত (মাসিক) শিক্ষাবৃত্তি, এককালীন শিক্ষাবৃত্তি এবং বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তি।

# মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন

এসএসএস প্রতিবছরের ন্যায় এবছরও মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদ্‌যাপন করে। সংস্থার ফাউন্ডেশন অফিস, বিভিন্ন অঙ্গ-প্রতিষ্ঠান এবং শাখা অফিসসহ অন্যান্য অফিসসমূহে নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হয়।

এ-উপলক্ষে ২৬ মার্চ ২০২৩ সকাল সাড়ে সাতটায় এসএসএস-এর কর্মকর্তা ও কর্মীবৃন্দ ফাউন্ডেশন অফিসে উপস্থিত হয়। এ-সময় ফাউন্ডেশন অফিসে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

সকাল আটটায় এসএসএস-এর একটি র‍্যালি ময়মনসিংহ রোড, পুরাতন বাসস্ট্যান্ড, ভিক্টোরিয়া রোড ও নিরালা মোড় হয়ে পৌর উদ্যানে পৌঁছে। র‍্যালিতে এসএসএস-এর বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও কর্মীবৃন্দ অংশগ্রহণ করেন। ৮:৩০ টায় এসএসএস-এর কর্মকর্তা ও কর্মীবৃন্দ টাঙ্গাইল পৌর উদ্যানে অবস্থিত শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন। এসএসএস-এর অন্যান্য অঙ্গ-সংগঠনসমূহও দিনটি যথাযথভাবে উদ্‌যাপন করে। বিশেষ করে, এ-উপলক্ষে এসএসএস-পৌর আইডিয়াল উচ্চ বিদ্যালয়, সোনার বাংলা চিল্ড্রেন হোম ও এসএসএস বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। এসএসএস-পৌর আইডিয়াল উচ্চ বিদ্যালয়ে বিতর্ক ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এসএসএস-সোনার বাংলা চিল্ড্রেন হোমে আবৃত্তি প্রতিযোগিতা এবং এসএসএস বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে ক্রীড়া প্রতিযোগিতার (ক্রিকেট) আয়োজন করা হয়। সকল প্রতিষ্ঠানেই প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এসএসএস-সোনার বাংলা চিল্ড্রেন হোমের ছেলেমেয়েদের জন্য ইফতারিতে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।




*টাঙ্গাইল পৌর উদ্যানে অবস্থিত শহীদ স্মৃতিস্তম্ভে এসএসএস-এর পুষ্পস্তবক অর্পণ*

# বঙ্গবন্ধুর ১০৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন...




এসএসএস জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদার সাথে পালন করেছে। টাঙ্গাইলে এসএসএস-এর ফাউন্ডেশন অফিস, বিভিন্ন অঙ্গ-প্রতিষ্ঠান ও দেশব্যাপী শাখা অফিসগুলোতে নানা কর্মসূচির মধ্য দিয়ে ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী পালিত হয়েছে।

১৭ মার্চ (শুক্রবার) সকাল ৯টায় এসএসএস জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে টাঙ্গাইল জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বর্ণাঢ্য র‍্যালিতে অংশগ্রহণ করে। র‍্যালিটি টাঙ্গাইল জেলা প্রশাসকের কার্যালয় হতে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের জনসেবা চত্বরে এসে শেষ হয়। এরপর এসএসএস-এর পক্ষ থেকে জনসেবা চত্বরে স্থাপিত বঙ্গবন্ধু ও বঙ্গমাতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময় এসএসএস ছাড়াও পুষ্পাঞ্জলি প্রদান করেন বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন ও গণমাধ্যমের প্রতিনিধিগণ।

এছাড়া সংস্থার বিভিন্ন অঙ্গ-প্রতিষ্ঠান, যোন ও শাখা-পর্যায়ে দিবসটিকে গুরুত্ব দিয়ে উদ্‌যাপন করা হয়। বিশেষ করে, সংস্থার পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এ উপলক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন করা হয়। এসএসএস-এর সোনার বাংলা চিল্ড্রেন হোমের ছেলেমেয়েদের মধ্যাহ্ন ভোজে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। এসএসএস-এর শিক্ষাবৃত্তি কার্যক্রমের অধীনে ৯১ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

*এসএসএস বুলেটিন সংস্থার উন্নয়ন ঘটনা-প্রবাহের মুখপত্র। সংস্থার প্রতি আপনার আগ্রহ ও সঙ্গে থাকার জন্য ধন্যবাদ। সংস্থার জনকল্যাণমূলক কর্মকাণ্ড, দারিদ্র্য দূরীকরণে সৃজনশীলতা ও সার্বিক প্রগতির ধারা চলমান থাকুক--এই আমাদের প্রত্যাশা।*